



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৮.২০২১/১৬২২/৪

তারিখ: ০২/০৮/২০২১খ্রি.

বিষয়: পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন পাকশী রেলওয়ে কলেজের জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিককে এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা/মতামত।

সূত্র: অধ্যক্ষের পত্র নং- পারেক/৪২২/২০২১; তারিখ: ১৫/০৩/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন পাকশী রেলওয়ে কলেজের অধ্যক্ষ তার কলেজে কর্মরত জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিককে এমপিওভুক্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা/মতামত দেয়ার জন্য আবেদন করেন।

গ্রন্থাগারিক পদে ১ম বার ১৯/০২/২০১৮খ্রি. তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কাম্য সংখ্যক প্রার্থী না পাওয়ায় ২য় বার ০৫/১২/২০১৮খ্রি. তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়। কাঙ্ক্ষিত সংখ্যক আবেদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে ০৪/০২/২০১৯খ্রি. তারিখ জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নিয়োগ নির্বাচনী বোর্ডের প্রতিনিধির জন্য আবেদন করা হয়। পরবর্তীতে ১৬/০৫/২০১৯খ্রি. তারিখ কলেজ পরিদর্শক আরো একটি বহল প্রচারিত জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করে পত্র দেয়। সে প্রেক্ষিতে ০৬/০৮/২০১৯খ্রি. তারিখ আবারও নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়। পুনরায় ২৪/১১/২০১৯খ্রি. তারিখ পুনরায় জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নিয়োগ নির্বাচনী বোর্ডের প্রতিনিধি চেয়ে পত্র দেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় ১৬/০৬/২০২০খ্রি. তারিখ নিয়োগ নির্বাচনী বোর্ডের প্রতিনিধি প্রেরণ করেন। পরবর্তীতে করোনা ভাইরাস এর ভয়াবহতার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলে নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণের পরামর্শ দেন। সে প্রেক্ষিতে ১২/১০/২০২০খ্রি. তারিখ নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। নিয়োগ বোর্ডের সুপারিশ অনুযায়ী জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিক ২১/১১/২০২০খ্রি. তারিখে যোগদান করেন। জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিক এর এমপিওভুক্তির লক্ষে অন লাইনে আবেদন করলে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী বিলম্বে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে মাউশির অনুমোদন নিয়ে পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিক এর কাম্য শিক্ষাগত যোগ্যতা এবং নিয়োগ বোর্ড গঠন ইত্যাদি যথাযথ হওয়ায় তার এমপিওভুক্তির লক্ষ্যে বিধি মোতাবেক অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AKad 26.9.21
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নম্বর-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, পাকশী রেলওয়ে কলেজ, ঈশ্বরদী, পাবনা
- ২। অধ্যক্ষ, পাকশী রেলওয়ে কলেজ, ঈশ্বরদী, পাবনা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। জনাব মো: মশিউর রহমান, গ্রন্থাগারিক, পাকশী রেলওয়ে কলেজ, ঈশ্বরদী, পাবনা
- ৪। সংরক্ষণ নথি।